

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর  
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.bmd.gov.bd](http://www.bmd.gov.bd)

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.২৫. ১৬১১

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩  
০১ জুন ২০২৬

বিষয়: জুন-আগস্ট ২০২৬ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।

১. জুন ২০২৫-এপ্রিল ২০২৬ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে +১.৮, +৬.৮, +২.১, +০.২, +১০.৯, +১২.৫, +০.১, +৯.৯, + ১১.০, +৮.৯ ও -১১.২ (Bureau of Meteorology, Australia)।

২. মে ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক (+৭.৪%) বৃষ্টিপাত রেকর্ড করা হয়। চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাত এবং বাকী বিভাগসমূহে স্বাভাবিক অপেক্ষা বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়। ১১ মে ২০২৬ শ্রীলংকা উপকূলের অদূরে দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন এলাকায় একটি লঘুচাপ তৈরি হয়। ১৪ মে ২০২৬ এটি ঘনীভূত হয়ে দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর এলাকায় সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়। একই এলাকায় ১৭ মে ২০২৬ এটি দুর্বল হয়ে লঘুচাপ এবং গুরুত্বহীন হয়ে পড়ে। পশ্চিমা লঘুচাপের সাথে পূর্ববালী বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ১-৪, ৬, ১০-১৩, ১৭-১৮ ও ২৩-২৮ মে ২০২৬ সময়ে দেশের অধিকাংশ স্থানে মাঝারী ধরণের ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত এবং মাসের অনেক দিন দেশের অনেক স্থানে হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত রেকর্ড করা হয়। সেই সাথে বজ্রপাত ও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টিসহ দমকা ও ঝড়ো হাওয়া বয়ে যায়। এ সময় সর্বোচ্চ বৃষ্টিপাত ১৪৪ মি.মি. দিনাজপুরে রেকর্ড (১৩ মে ২০২৬) করা হয়। ভারতের পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বাংলাদেশের পশ্চিমাঞ্চলীয় এলাকায় তাপীয় লঘুচাপ অবস্থান করায় দেশের অনেক অঞ্চলের উপর দিয়ে ১৬-২৬ মে ও ২৯-৩১ মে ২০২৬ মৃদু তাপপ্রবাহ বয়ে যায়। মে মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৮.০°সে. (চুয়াডাঙ্গা, ১৮ মে ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ১৮.৪°সে. (সিলেট ৩ মে ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ, সর্বনিম্ন ও গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৩°সে., ০.৫°সে. ও ০.৪°সে. কম ছিল। বৃষ্টিপাত, তাপমাত্রা, তাপপ্রবাহ, কালবৈশাখি/বজ্রঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা মে ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দ্ধাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক জুন-আগস্ট ২০২৬ খ্রি: এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	জুন ২০২৬ খ্রিঃ		জুলাই ২০২৬ খ্রিঃ		আগস্ট ২০২৬ খ্রিঃ		জুন ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%)
	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	
ঢাকা	৩৩৫	৩৪০-৩৬০	৩৭১	৩৬০-৩৮০	৩০১	২৮০-৩২০	২০-৩০
ময়মনসিংহ	৪৪৭	৪৪০-৪৬০	৪৩৭	৪২০-৪৫০	৩৫৭	৩৪০-৩৬০	২৫-৩৫
চট্টগ্রাম	৬১৩	৬০০-৬৩০	৬৯৪	৬৮০-৭০০	৫০৫	৪৮০-৫১০	১৮-২৮
সিলেট	৬১৯	৬২০-৬৪০	৫৩৬	৫৩০-৫৫০	৪৭০	৪৬০-৪৮০	২৫-৩৫
রাজশাহী	২৮১	২৭০-৩০০	৩১১	৩০০-৩৩০	২৫১	২৪০-২৬০	১৫-২৫
রংপুর	৪১৮	৪১০-৪৩০	৪০৯	৪০০-৪২০	৩৫৫	৩৪০-৩৬০	১৮-২৮
খুলনা	২৯৬	২৭০-৩০০	৩৬২	৩৫০-৩৭০	২৮৭	২৭০-২৯০	১৫-২৫
বরিশাল	৪৬৫	৪৫০-৪৭০	৫৩৫	৫২০-৫৫০	৩৭৯	৩৭০-৩৯০	১৫-২৫

১. বৃষ্টিপাত: সামগ্রিকভাবে দেশে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
২. নিম্নচাপ: বঙ্গোপসাগরে ৩-৫ টি লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে ২/৩ টি মৌসুমী নিম্নচাপে পরিণত হতে পারে।
৩. মৌসুমী বায়ু: জুন মাসের প্রথমার্ধে সারাদেশে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু (বর্ষাকাল) বিস্তার লাভ করতে পারে।
৪. বজ্রঝড়: এ সময়ে দেশে ১০-১৫ দিন হালকা থেকে মাঝারি ধরণের বজ্রঝড় হতে পারে।
৫. তাপমাত্রা: দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।
৬. তাপপ্রবাহ: এ সময়ে দেশে ৮-১০ টি বিচ্ছিন্নভাবে মৃদু (৩৬-৩৭.৯°সে.) থেকে মাঝারি (৩৮-৩৯.৯° সে.) ধরণের তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

০২/০৬/২৬  
(মোঃ মমিনুল ইসলাম)  
পরিচালক (চলত দায়িত্ব)  
ও  
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় মন্ত্রী

কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ইমেইল: [minister@moa.gov.bd](mailto:minister@moa.gov.bd)

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, [info@modmr.gov.bd](mailto:info@modmr.gov.bd)
২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, [cab\\_secyc@cabinet.gov.bd](mailto:cab_secyc@cabinet.gov.bd)
৩. মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, [psecyc@pmo.gov.bd](mailto:psecyc@pmo.gov.bd)
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, [secretary@mopa.gov.bd](mailto:secretary@mopa.gov.bd)
৫. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, [secretary@mowr.gov.bd](mailto:secretary@mowr.gov.bd)
৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, [secy@mincom.gov.bd](mailto:secy@mincom.gov.bd)
৭. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, [secretary@mod.gov.bd](mailto:secretary@mod.gov.bd)
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, [secretary@modmr.gov.bd](mailto:secretary@modmr.gov.bd)
৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, [secretary@moa.gov.bd](mailto:secretary@moa.gov.bd)
১০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, [secretary@mofood.gov.bd](mailto:secretary@mofood.gov.bd)